

যুগান্তর

প্রিন্ট: ১৫ ডিসেম্বর ২০২৪, ১০:০৮ এএম

শিক্ষাজ্ঞন

গভীর রাতে ২ ছাত্রের ওপর হামলা, প্রধান ফটক অবরোধ করে বিক্ষেপ



চবি প্রতিনিধি

প্রকাশ: ১৪ ডিসেম্বর ২০২৪, ০১:৩৬ এএম



গভীর রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) দুই শিক্ষার্থীর ওপর দুর্ব্বলদের হামলার ঘটনায় জড়িতদের বিচারের দাবিতে বিক্ষোভ কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। শুক্রবার রাত সাড়ে ৭টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক অবরোধ করেন তারা।

পরে প্রস্তর এসে সমবোতার চেষ্টা করে ব্যর্থ হন। পরে পৌনে ৯টার দিকে তারা বিক্ষোভ শেষ করেন ও ১৭ ডিসেম্বরের মধ্যে ঘটনার বিচার না হলে পুনরায় বিক্ষোভের ঘোষণা দেন।

এদিকে হামলার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে চবি শাখা ছাত্রদল, ছাত্রশিবির ও বাম সংগঠনের জোট 'গণতান্ত্রিক ছাত্র জোট'।

এর আগে ঘটনার প্রতিবাদ জানিয়ে শুক্রবার জুমার নামাজের পরে বিশ্ববিদ্যালয়ের জিরো পয়েন্টে মূল ফটকের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এ সময় চবি ছাত্রশিবিরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জানা যায়, বৃহস্পতিবার রাত প্রায় সাড়ে ১২টার দিকে চবির নিরাপত্তা দপ্তরের অদুরে দুর্ব্বলদের হামলার শিকার হন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রথম বর্ষের ছাত্র মহিবুল ইসলাম মহিব ও নিরব আহমেদ। তারা কেন্দ্রীয় খেলার মাঠে বন্ধুদের সঙ্গে বারবিকিউ পার্টি শেষে ফিরছিলেন। এসময় ৫-৬ জন মুখোশপুরা লোক তাদের সামনে এসে পথরোধ করে ও হামলা চালায়। তারা মাফলার এবং মুখোশ পরিহিত ছিল।

এ ঘটনায় এখনো কাউকে শনাক্ত করা যায়নি। এর আগে গত ৮ নভেম্বর একই এলাকায় এক শিক্ষার্থীকে অপহরণ করে মারধর করে মুখোশধারীরা। ওই ঘটনায়ও কাউকে শনাক্ত করা যায়নি।

প্রস্তর অধ্যাপক ড. তানভীর মোহাম্মদ হায়দার আরিফ যুগান্তরকে বলেন, আমরা টেকনোলোজি বেজড বেশ কিছু উন্নতি করেছি। এই ঘটনায় সিসিটিভি ক্যামেরা চেক করা হবে। ক্যামেরায় যদি কাউকে নাও পাওয়া যায়, আইনশৃঙ্খলা বাহিনী ও গোয়েন্দা সংস্থার সাহায্যে জড়িতদের শনাক্ত করে ব্যবস্থা নেওয়া হবে।



সরাসরি কমিশন
অফিসার পদে ২০২৫-এ^র
ডিইও ব্যাচে যোগ দিন

